সংবাদ 20

তারিখ 0 9 DEC 1996
পৃষ্ঠা ৯ কলাম ৬

# গণশিক্ষা কার্যক্রমে এনজিওদের সম্পৃক্ত সম্ভাবনার জন্য টাস্ক ফোর্স

(নিজস্ব বার্তা পরিবেশক)

প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ গণশিক্ষা কার্যক্রমে বেসরকারি সংস্থাসমূহকে (এনজিও) সম্পৃক্ত করার বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করার জন্য পাঁচ সদস্যবিশিষ্ট একটি টাস্ক ফোর্স গঠন করা হয়েছে। টাস্ক ফোর্স পরীক্ষা-নিরীক্ষা করে আগামী ১৫ই ডিসেম্বরের মধ্যে সুপারিশ তৈরি করে তা পেশ করবে। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের একটি সূত্র এতথ্য জানিয়েছে।

সূত্র জানায়, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সাধারণ শিক্ষা প্রকল্পের প্রধান সমন্বয়কারী গোলাম মতুর্জাকে আহ্বায়ক করে পাঁচ সদস্যের এই টাস্ক ফোর্স গঠন করা হয়েছে। অপর চার সদস্য হলেন ঃ প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের উপ-প্রধান ডঃ দেলোয়ার হোসেন, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উপ-পরিচালক এ. কে. এম খায়রুল আলম, সিএমইএস-এর নির্বাহী পরিচালক ডঃ মোঃ ইব্রাহিম ও বাংলাদেশ লিটারেসি সোসাইটির সাধারণ সম্পাদক মোঃ ওসমান গনি।

এ সম্পর্কিত প্রজ্ঞাপনে বলা হয়েছে, সাধারণ শিক্ষা প্রকল্পের আওতায় গণশিক্ষা কার্যক্রমের সঙ্গে এনজিওসমূহকে আগামী-তে অনুরূপ কার্যক্রমে সম্পৃক্ত করার বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে টাস্ক ফোর্স একটি সুপারিশ প্রণয়ন করবে।